গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পারসোনেল-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্বাস্থ্য সেবা বিভাগের অধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের রাজস্বখাতে পদ সৃজন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	
সভার তারিখ	১৫ অক্টোবর ২০২৬
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (পার-৪) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি জানান জনপ্রশাসন মন্ত্রণালয়ে পদ সৃজনের প্রস্তাব প্রেরণ করতে হলে প্রণীত চেকলিস্টের ৪(খ) নং ক্রমিক মতে সভা করে কার্যবিবরণীসহ উক্ত মন্ত্রণালয়ে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করতে হয়। সে লক্ষ্যে প্রস্তাবিত পদ সৃজনের বিষয়ে আলোচনা/পর্যালোচনা প্রয়োজন।

০২। **জেনারেল হাসপাতাল, রাঙ্গামাটি**: সভাপতির অনুমতিক্রমে তত্ত্বাবধায়ক, রাঙ্গামাটি জেনারেল হাসপাতাল জানান, স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক এ হাসপাতালটিকে ২৮.০৪.২০২৬ তারিখে ১০০ শয্যা হতে ২৫০ শয্যায় উন্নীতকরণ এবং বর্ধিত শয্যার সেবা কার্যক্রম চালুর প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। বর্ধিত শয্যার জন্য স্ট্যান্ডার্ড সেট আপ ২০২৪ অনুযায়ী ২২১টি পদ সৃজনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সভাপতি জানান, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত স্ট্যান্ডার্ড সেট আপ ২০২৪ অনুযায়ী যতগুলো পদের প্রাপ্যতা রয়েছে সেকল পদ সৃজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের নির্দেশনা প্রদান করেন। প্রস্তাবিত পদসমূহ বিস্তারিত যাচাই-বাছাই করা হয়। যাচাই-বাচাইয়ান্তে দেখা যায়, স্ট্যান্ডার্ড সেট আপ ২০২৪ অনুযায়ী ২২১টি পদের প্রাপ্যতা রয়েছে। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, রাঙ্গামাটি এর জন্য নিম্নেবর্ণিত তথ্যসমূহ প্রতিষ্ঠান কর্তৃক প্রেরণ সাপেক্ষে স্ট্যান্ডার্ড সেট আপ ২০২৪ অনুযায়ী ২২১টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী সাংগঠনিক কাঠামো (বিদ্যমান স্থায়ী পদ কালো কালিতে, অস্থায়ী পদ সবুজ কালিতে এবং প্রস্তাবিত পদ নীল কালিতে চিহ্নিতকরণসহ)

(খ) স্ট্যান্ডার্ড সেট আপ বহির্ভূত পদের বিপরীতে শূন্য পদের সংখ্যা

০৩। **৫টি মেডিকেল কলেজ হাসপাতালে (সিলেট, বরিশাল, রংপুর, রাজশাহী এবং ফরিদপুর) বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইউনিট:** সভাপতির অনুমতিক্রমে উপপ্রকল্প পরিচালক জানান, ৫টি মেডিকেল কলেজ হাসপাতালে (সিলেট, বরিশাল, রংপুর, রাজশাহী এবং ফরিদপুর) বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইউনিট স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে। নির্মাণ কার্যক্রম শেষে উক্ত ০৫টি মেডিকেল কলেজ হাসপাতালে পূর্ণাঙ্গ বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইউনিট স্থাপনের জন্য সর্বমোট ২১২৮টি পদ সৃজনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সভাপতি অন্যান্য মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটের বিদ্যমান বার্ন ইউনিটের শয্যা সংখ্যার সাথে মিল রেখে প্রয়োজনীয় পদ সৃজনের নির্দেশনা প্রদান করেন। সিনিয়র সহকারী সচিব (পার-৪) জানান, প্রস্তাবিত অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং সহকারী অধ্যাপক এর পদসমূহ Allocation of Business অনুযায়ী স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ হতে সৃজন করা হয়। তাছাড়া সম্প্রতি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের ১৫০ শয্যার বার্ন ইউনিটের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে ৪৭১টি পদ সৃজনের প্রস্তাব প্রেরণ করা হলেও উক্ত মন্ত্রণালয় ২১০টি পদ সৃজনে সম্মতি প্রদান করা

হয়েছে। এ প্রেক্ষিতে সভাপতি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের ১৫০ শয্যার বার্ন ইউনিটের সাথে সামঞ্জস্য রেখে আনুপাতিক হারে ৫টি (সিলেট, বরিশাল, রংপুর, রাজশাহী এবং ফরিদপুর) মেডিকেল কলেজ হাসপাতালের ১০০ শয্যার বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইউনিটের জন্য ৩১৪টি করে মোট ৩১৪x৫=১৫৭০টি পদ সৃজনের নির্দেশনা প্রদান করে। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: (ক) চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের ১৫০ শয্যার বার্ন ইউনিটের সাথে সামঞ্জস্য রেখে আনুপাতিক হারে ৫টি (সিলেট, বরিশাল, রংপুর, রাজশাহী এবং ফরিদপুর) মেডিকেল কলেজ হাসপাতালের ১০০ শয্যার বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইউনিটের জন্য ৩১৪টি করে মোট ৩১৪x৫=১৫৭০টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
(খ) Allocation of Business অনুযায়ী ৫টি (সিলেট, বরিশাল, রংপুর, রাজশাহী এবং ফরিদপুর) মেডিকেল কলেজ হাসপাতালের ১০০ শয্যার বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইউনিটের জন্য অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং সহকারী অধ্যাপক এর পদ সৃজনের বিষয়ে প্রকল্প পরিচালক কর্তৃক স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।

৪। **রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের ১০০ শয্যাবিশিষ্ট আইসিইউ ইউনিট**: পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল জানান, স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালকে ২০১৩ সালে ১২০০ শয্যায় উন্নীত করা হয়। পরবর্তীতে উক্ত হাসপাতালের আইসিইউ ইউনিট চালুকরণের লক্ষ্যে ১২০০ শয্যা হতে ১৩০০ শয্যায় উন্নীত করা হয়েছে। প্রয়োজনীয় জনবল না থাকায় পূর্ণাঙ্গভাবে স্বাস্থ্য সেবা কার্যক্রম চালু করা সম্ভব হচ্ছে না। পূর্ণাঙ্গ ১০০ শয্যার আইসিইউ ইউনিট চালুকরণের লক্ষ্যে ৭১৩টি পদ সৃজন করা প্রয়োজন। সভাপতি জানান, আউটসোর্সিং নীতিমালা ২০২৫ অনুযায়ী আউটসোর্সিং ক্যাটাগরিভুক্ত পদসমূহ রাজস্বখাতে সৃজনের সুযোগ না থাকায় প্রস্তাবিত ৭১৩টি পদের মধ্যে টিকেট ক্লার্ক এর ১৫টি, রিসিপশনিস্ট এর ০৪টি, ল্যাবরেটরি এটেনডেন্ট এর ০৪টি, সর্দার/জমাদার এর ০২টি, ডিসপেনসারী বয় এর ০৪টি, ওয়ার্ড বয়/আয়া ৬২টি, ক্লিনার এর ৫২টি ও সিকিউরিটি গার্ড এর ০৮টি পদ ব্যতীত অন্যান্য পদ সৃজন করা প্রয়োজন। প্রস্তাবিত পদসমূহ বিস্তারিত যাচাই-বাছাই করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের ১০০ শয্যাবিশিষ্ট আইসিইউ ইউনিটের জন্য প্রস্তাবিত ৭১৩টি পদের মধ্যে আউটসোর্সিং ক্যাটাগরিভুক্ত টিকেট ক্লার্ক এর ১৫টি, রিসিপশনিস্ট এর ০৪টি, ল্যাবরেটরি এটেনডেন্ট এর ০৪টি, সর্দার/জমাদার এর ০২টি, ডিসপেনসারী বয় এর ০৪টি, ওয়ার্ড বয়/আয়া ৬২টি, ক্লিনার এর ৫২টি ও সিকিউরিটি গার্ড এর ০৮টি পদ ব্যতীত অন্যান্য পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৫। **দেশের ৩৭টি সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে নিউনেটোলজি (নবজাতক) বিভাগ** : বাংলাদেশে নিওনেটোলজি (Neonatology) বিভাগে চিকিৎসকদের কাজের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। দেশে নবজাতকের জন্য NICU (Neonatal Intensive Care Unit) সেবার চাহিদা দ্রুত বাড়ছে। অপরিণত শিশু জন্মগত জটিলতা, শ্বাসকষ্ট, নবজাতক সেপসিস এবং কম ওজনের শিশুর সংখ্যা বেশি হওয়ায় নিওনেটোলজিস্টদের রোগীর চাপ বৃদ্ধি পেয়েছে। এ প্রেক্ষাপটে বাংলাদেশ নিউনেটোলজি ফোরামের পক্ষ থেকে আগত কমকর্তাগণ প্রস্তাবিত ১৩১১টি পদ সৃজন প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করেন। সভাপতি জানান, দেশের ৩৭টি মেডিকেল কলেজ হাসপাতাল পূর্ণাঙ্গভাবে চালু হয়নি। তিনি আরো জানান, যে সকল মেডিকেল কলেজ হাসপাতালে স্বাস্থ্য সেবা কার্যক্রম চালু আছে সে সকল প্রতিষ্ঠানের জন্য এ বিভাগের জন্য পদ সৃজন করা প্রয়োজন। তাছাড়া উক্ত বিভাগের জন্য জুনিয়র কনসালটেন্ট এবং সিনিয়র কনসালটেন্ট পদ রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: দেশের যেসকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল চালু রয়েছে সেসকল মেডিকেল কলেজ হাসপাতালের নিউনেটোলজি (নবজাতক) বিভাগ এর জন্য জুনিয়র কনসালটেন্ট এবং সিনিয়র কনসালটেন্ট এর পদসমূহ অন্তর্ভুক্ত রেখে প্রয়োজনীয় যৌক্তিকতাসহ পুনরায় স্বাস্থ্য অধিদপ্তর প্রস্তাব প্রেরণ করবে। প্রেরিতব্য সংশোধিত প্রস্তাব স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৬। **ইপিআই এন্ড সার্ভিলান্স, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী এর জন্য ইপিআই পোর্টার/ভ্যাকসিন বাহকের রাজস্বখাতে ৫২টি পদ সৃজন:** সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (পার-৪) জানান, স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ১৭ জুলাই ২০২২ তারিখে স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন ইপিআই কার্যক্রম পরিচালনার লক্ষ্যে মাঠ পর্যায়ের শ্রমিক/পোর্টার/ভ্যাকসিন বাহকের ১১৭৬টি পদ সৃজনের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। অতঃপর জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২২ আগস্ট ২০২২

তারিখে ০৫.০০.০০০০.১৫৯.১৫.০৩৩.১০-২০১ সংখ্যক স্মারকে প্রস্তাবিত শ্রমিক/পোর্টার/ভ্যাকসিন বাহকের পদগুলো আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী সৃজনের বিধিগত সুযোগ নেই বিধায় বর্তমানে যেভাবে শ্রমিক/পোর্টার/ভ্যাকসিন বাহকদের দিয়ে ই.পি.আই. কার্যক্রম চালানো হচ্ছে তা' অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। পরবর্তীতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং-১৫৫২৭/২০২২ এ ২২ আগস্ট ২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২০১ নম্বর স্মারকের পত্রকে 'কেন অবৈধ ঘোষণা করা হবেনা' মর্মে সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। এছাড়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মচারীদের বিভিন্ন দাবি দাওয়ার বিষয়ে গঠিত টেকনিক্যাল কমিটির ১২ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভায় ইপিআই পোর্টারদের চাকুরি জাতীয়করণ বিষয়ে প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উল্লেখ্য যে, মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ইপিআই পোর্টার/ভ্যাকসিন বাহকদের চাকুরি জাতীয়করণ/পদ সৃজনের কোন নির্দেশনা প্রদান করা হয়নি, শুধুমাত্র কারণ দর্শানোর নোটিস প্রদান করা হয়েছে যা অদ্যাবধি মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক বিচার্য এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ইতিপূর্বে উক্ত প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করেছে। সে মতে ইপিআই পোর্টার/ভ্যাকসিন বাহক এর চাকুরি জাতীয়করণসহ পদ সৃজনের সযোগ নেই মর্মে প্রতীয়মান হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০২৫ অনুযায়ী শ্রমিক/পোর্টার/ভ্যাকসিন বাহকের পদগুলো সৃজনের বিধিগত সুযোগ নেই বিধায় বর্তমানে যেভাবে শ্রমিক/পোর্টার/ভ্যাকসিন বাহকদের দিয়ে ই.পি.আই. কার্যক্রম চালানো হচ্ছে তা' অব্যাহত রাখতে হবে।

০৭। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০-১০-২০২৬
ড. আ. ন. ম বজলুর রশীদ
সচিব
ইমেইল : secretary@hsd.gov.bd

তারিখ: ১৪ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৪৫.০০.০০০০.০০০.১৫০.১৫.০০৭০.২০.৫৫১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ।
২। অতিরিক্ত সচিব, হাসপাতাল অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। যুগ্মসচিব, পারসোনেল অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ।
৫। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
৬। সভাপতি, বাংলাদেশ নিউনেটোলজি ফোরাম।
৭। প্রকল্প পরিচালক, ৫টি মেডিকেল কলেজ হাসপাতালে বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইউনিট স্থাপন শীর্ষক প্রকল্প।
৮। তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, রাঙ্গামাটি।
৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ,(তাঁকে সভার কার্যবিবরণীটি স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০১-১১-২০২৬
সজীব আহমেদ
সিনিয়র সহকারী সচিব